কোটচাঁদপুরে ৪৫টি মন্ডপে সাজসজ্জার কাজ শেষের দিকে, মন্ডপগুলোতে পাহারা

এ বছর কোটচাঁদপুরে ৪৫ টি মন্ডপে উদযাপন করা হবে শারদীয় দূর্গা উৎসব। মন্ডপগুলোর সাজসজ্জার কাজ শেষের দিকে। নিরাপত্তায় পাহারা চলছে মন্ডপে মন্ডপে। তবে এখনো পর্যন্ত কোন থিয়েট মনে করছেন না বলে জানিয়েছেন, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-মামুন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,এ বছর কোটচাঁদপুরে ৪৫ টি মন্ডপে উদযাপিত হবে শারদীয় দূর্গা উৎসব। তবে গেল বছরের থেকে এ বছর ১ টি পূজা কম হচ্ছে এ উপজেলায়। মন্ডপের সাজসজ্জার কাজ প্রায় শেষের দিকে।

অন্যদিকে নিরাপত্তা রক্ষায় স্বেচ্ছাসেবকরা ইতোমধ্যে মন্ডপে বসিয়েছেন পাহারা। সাথে রয়েছে গ্রাম পুলিশ। এ ছাড়া পুলিশের নজরদারী রয়েছে সার্বক্ষনিক বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

এ ব্যাপারে কোটচাঁদপুরের দ্যুতিয়ার কুটি পূজা মন্ডপের সভাপতি সাধন হালদার বলেন,মন্ডপের কাজ এখনো শেষ হয়নি। তবে আমরা এক সপ্তাহ ধরে পাহারা দিচ্ছি মন্ডপ। তিনি বলেন,এখানে কোন সমস্যা হয় না। আর কোন ভয় ও নাই। তারপরও সর্তকতার সঙ্গে আছি।

কোটচাঁদপুর দুধসরা পূজা মন্ডপের সভাপতি নিতাই রায় বলেন,রংঙ্গের কাজ এখনও হয়নি। তবে নিরাপত্তায় জন্য, পাহারা চলছে।কোন দিন কোন দূর্ঘটনা ঘটেনি। এরপর যদি কিছু হয়।

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ রায় বলেন,গেল বছর থেকে এ বছর একটি পূজা কম হচ্ছে। গেল বছর ৪৬ টি পূজা মন্ডপে শারদীয়া দূর্গা পূজা হয়েছিল। এ বছর ৪৫ টিতে অনুষ্ঠিত হবে। একটা মন্ডপে জায়গা নিয়ে সমস্যার করনে হচ্ছে না। এ বছর পৌর সভায় ২০ টি আর ইউনিয়ন পর্যায় ২৫ টি মন্ডপে এ পূজা অনুষ্ঠিত হবে। পূজার প্রস্তুতি কেমন,এবং নিরাপত্তা নিয়ে কি ভাবছেন,এমন প্রশ্নে তিনি বলেন,সবগুলো পূজা মন্ডপ ঝুঁকিপূর্ন। আবার সবগুলোর অবস্থায় ভাল। এরপরও আমরা গেল এক সপ্তাহ ধরে

স্বেচ্ছাসেবকদের দিয়ে পাহারা বসিয়েছি। কারন হিসেবে তিনি বলেন, গেল কয়েকদিন আগে ঝিনাইদহে পূজা মন্ডপে ভাংচুর হয়েছে।

পূজার প্রস্তুতি নিয়ে তিনি বলেন,আগামী ২০ অক্টোবর শারদীয়া দূর্গা পূজার ষষ্ঠী। এর মধ্যে অনেক মন্ডপের সাজসজ্জার কাজ শেষ করেছেন মন্ডপ কমিটি। কিছু বাকি থাকলেও খুব জোরেশোরে চলছে কাজ।

কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-মামুন বলেন,নিঃছিদ্র নিরাপত্তার স্বার্থে গেল এক সপ্তাহ যাবৎ পূজা মন্ডল গুলোতে পাহারা বসানো হয়েছে। এর দায়িত্বে রয়েছেন,স্ব স্ব মন্দির কমিটির স্বেচ্ছাসেবক। এ ছাড়া রয়েছে গ্রাম পুলিশ। আর আমরা তদারকিতে আছি সার্বক্ষনিকভাবে। আমরা সবগুলো মন্ডল ঝুকিপূর্ণ মনে করছি,আবার সবগুলোর অবস্থাই ভাল। আমরা এখনও পর্যন্ত কোন থিয়েট মনে করছি না।